



ইউআইইউ এর ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত

Published: 2020-02-06 17:34:21 BdST, Updated: 2020-02-08 09:35:56 BdST



ইউআইইউ লাইভ: ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) এর ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার মাদানি এভিনিউস্থ ক্যাম্পাসে এই সমাবর্তন অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, "জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারী শ্বিবিদ্যালয় গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে"

মন্ত্রী আরও বলেন, "একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযোগী জ্ঞান, কর্মজগতের চাহিদা অনুযায়ী দক্ষতা এবং সাফল্যের প্রয়োজনীয় যথাযথ মনোভাবের সুসম্মে শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে যোগ্য মানব সম্পদ হিসাবে। শিক্ষার্থীদের কল্যাণমুখী ও প্রয়োগিক গবেষণা করতে উৎসাহী করতে হবে যেন দেশ গঠনে তারা ভূমিকা পালন করতে পারে। বিশ্ববিদ্যালয়গুলোকে এক্ষেত্রে যথাযথ ভূমিকা পালন করতে হবে।"

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো: আবদুল হামিদের পক্ষে তাঁর প্রতিনিধি হিসেবে মন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. গওহর রিজভী।

দীপু মনি আরও বলেন, সমকালীন বিশ্বের সাথে তাল মিলিয়ে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার্থীদের আধুনিক জ্ঞান বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর শিক্ষায় শিক্ষিত হতে হবে।

সমাবর্তন অনুষ্ঠানে ২৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা।

সমাবর্তন বক্তা হিসেবে প্রফেসর ড. গ্রহর রিজভী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই অর্জিত জ্ঞান শুধুমাত্র সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদেরকে ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদেরকে আত্মনিয়োগ করার আহ্বান জানান। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রো-ভিসি প্রফেসর ড. হাসান আহমেদ, ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয়ের ডীন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও আইন শৃঙ্খলা রক্ষাকরী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডীন, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঢাকা, ০৬ ফেব্রুয়ারি (ক্যাম্পাসলাইভ২৪.কম)//এমজেড

ক্যাম্পাসলাইভ২৪ডটকম-এ (campuslive24.com) প্রচারিত/প্রকাশিত যে কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা আইনত অপরাধ।

Editor in Chief : Azhar Mahmood

Barek Mansion-3, Level-5, 58/10/A Free School Street, Panthapath, Dhaka-1205,
Bangladesh

Cell : +8801682561028, +8801611029933, Phone: +88 02 9330849-51

Email : livecampus24@gmail.com